# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 23.07.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সংসদে আজ ২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন।

২) রাজ্যের চার বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে বিজয়ী প্রার্থীদের আজ শপথ গ্রহণ।

বরানগর ও ভগবানগোলার বিধায়কদের শপথ গ্রহণের সাংবিধানিক বৈধতা নিয়ে রাজ্যপাল প্রশ্ন তুলেছেন।

৩) শারদৎসবের আগে পুজোর প্রস্তুতি নিয়ে আজ রাজ্য সরকার আজ বৈঠকে বসতে চলেছে।

৪) আলুর আকাশছোঁয়া দাম নিয়ন্ত্রণ এবং বিভিন্ন আলু ব্যবসায়ী সংগঠনের ধর্মঘটের মোকাবিলায় রাজ্য সরকার স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে বাজারে সুলভ মূল্যে আলু বিক্রির করবে বলে সিদ্ধান্ত নিয়েছে।

৫) আজ জাতীয় সম্প্রচার দিবস। ১৯২৭ সালে আজকের দিনে ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিসের মাধ্যমে ভারতে প্রথম সংগঠিতভাবে সম্প্রচার শুরু হয়।

৬) পুর্ণিমার ভরাকটাল ও নিম্নচাপের জেরে দক্ষিণ ২৪ পরগনাজুড়ে দুর্যোগ অব্যাহত।

ooooooooooooooooooooooooo

লোকসভায় আজ বেলা ১১-টায় ২০২৪-২৫ অর্থবর্ষের সাধারণ বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। ২০১৯ সালে অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ায়, এই নিয়ে টানা ৭ বার তিনি বাজেট পেশ করতে চলেছেন। লোকসভায় বাজেট পেশ হওয়ার পর রাজ্যসভায় তা পেশ করা হবে।

**২০২৩-২৪ এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন অর্থমন্ত্রী। এতে মোট অভ্যন্তরীন উৎপাদন জিডিপি প্রকৃত বৃদ্ধির হার ২০২৪-২৫ অর্থবর্ষে ৬ দশমিক ৫ থেকে ৭ শতাংশ হবে বলে পূর্বাভাষ দেওয়া হয়েছে। ২০২৪ অর্থবর্ষে ভারতের প্রকৃত জিডিপি বৃদ্ধির হার ৮ দশমিক ২ শতাংশ হবার সম্ভবনা রয়েছে বলে তিনি জানান।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে চার বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনে বিজয়ী প্রার্থীদের শপথগ্রহণ হবে। বিধানসভায় দুপুর একটায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁদের শপথ বাক্য পাঠ করাবেন। গতকাল কার্য উপদেষ্টা কমিটির বৈঠকের পর অধ্যক্ষ নিজেই একথা জানান। সাংবাদিকদের তিনি বলেন, ওই চারজনের শপথ গ্রহণের জন্য রাজ্যপালের কাছ থেকে অনুমোদন চেয়েও মেলেনি। তাই তিনি নিজেই তাঁদের শপথ বাক্য পাঠ করাবেন।

এবারের অধিবেশনে নিট ও নতুন তিন ফৌজদারি আইন নিয়ে প্রস্তাবের ওপর আলোচনা হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন। রাজ্য তফসিলি জাতি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি কল্যাণ পর্ষদ আইনের একটি সংশোধনীও অধিবেশনে আসছে।

উল্লেখ্য, গতকালই শুরু হয়েছে রাজ্য বিধানসভার অধিবেশন। সদ্যপ্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি শোক প্রস্তাব পাঠ এবং কার্য উপদেষ্টা কমিটির রিপোর্ট পেশ করার পর দিনের মতো সভার কাজ মুলতুবি করে দেওয়া হয়।

OOOOOOOOOOOOOOOOOOOOOOOOO

এদিকে, বরানগর ও ভগবানগোলার বিধায়কদের শপথ গ্রহণের সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তুলে রাজ্যপাল সিভি আনন্দ বোস ওই দুই বিধায়ককে চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি জানিয়েছেন, বিধায়কের শপথগ্রহণের বিষয়ে রাজ্যপালের নির্দেশ পালন না করা, সংসদীয় পদ্ধতি এবং সাংবিধানিক প্রক্রিয়ার পরিপন্থী। রাজ্যপালকে এড়িয়ে রাজ্য বিধানসভার অধ্যক্ষের শপথবাক্য পাঠ করানোর অধিকার নেই। এক্ষেত্রে কে তাঁদের শপথবাক্য পাঠ করিয়েছেন, সায়ন্তিকা ও রেয়াত হোসেনের কাছে রাজ্যপাল তা জানতে চেয়েছেন। সেই সঙ্গেই জানিয়ে দিয়েছেন, তাঁর নির্দেশ অনুযায়ী যদি উপাধ্যক্ষ শপথবাক্য পাঠ না করিয়ে থাকেন, তবে তা অসাংবিধানিক। সে ক্ষেত্রে বিধানসভার অধিবেশনে যোগ দিলে বা ভোটাভুটিতে অংশ নিলেন তাদের জরিমানা ও শাস্তির মুখে পড়তে হবে।

রাজ্যপালের চিঠি নিয়ে এই দুই বিধায়ক গতকাল বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। অধ্যক্ষ তাদের আশ্বস্ত করেছেন বলে জানিয়েছেন দুই বিধায়ক। অধ্যক্ষের নির্দেশ মত তারা আগামীকাল থেকে বিধানসভার অধিবেশনে যোগ দেবেন।

oooooooooooooooooooooooo

বাংলাদেশ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মন্তব্যের প্রেক্ষিতে রিপোর্ট চেয়ে পাঠালেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। গত সন্ধ্যায় এক্স হ্যান্ডেলে রাজভবনের 'অফিসার অন স্পেশাল ডিউটি'-র একটি পোস্টে এ কথা জানানো হয়েছে। সংবিধানের ১৬৭ নম্বর ধারায় দেওয়া ক্ষমতার ভিত্তিতে রাজ্যপাল মুখ্যমন্ত্রীর কাছে তাঁর বক্তব্য সম্পর্কে বিস্তারিত রিপোর্ট চেয়েছেন। মুখ্যমন্ত্রী তাঁর সাংবিধানিক ক্ষমতার সীমা লঙ্ঘন করে ওই মন্তব্য করেছেন বলে অভিযোগ করা হয়েছে। সাংবিধানিক বিধি অনুযায়ী ভারত সরকারের অনুমতি ছাড়া মুখ্যমন্ত্রী এমন প্রতিশ্রুতি দিতে পারেন না বলেও ওই পোস্টে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল বিজেপি সাংসদ রবি শঙ্কর প্রসাদ সাংবাদিক বৈঠকে জানান, শরণার্থীদের আশ্রয় দেওয়ার এক্তিয়ার রাজ্য সরকারের নেই। এবিষয়ে কেন্দ্রীয় সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারে।

ooooooooooooooooooooooooo

শারদোৎসবের আগে পুজোর প্রস্তুতি নিয়ে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ বিকেলে কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে বিভিন্ন পুজো কমিটি, ছাড়াও সংশ্লিষ্ট দপ্তর ও পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে মুখ্যমন্ত্রীর বিধানসভায়, উপনির্বাচনে জয়ী চার প্রার্থীর শপথ গ্রহন অনুষ্ঠানে এবং রাজ্য মন্ত্রীসভার বৈঠকে অংশ নেওয়ার কথা।

oooooooooooooooooooooooo

লোকসভায় বাজেট পেশ এবং দিল্লী থেকে বাজেট নিয়ে বিশেষ আলোচনার জন্য আজ আকাশবাণী কলকাতার একাধিক সংবাদের সময়সূচী ও সম্প্রচার চ্যানেলের পরিবর্তন করা হচ্ছে।

সকাল ৯ টা ১৫ ও ১০ টা ১০, দুপুর ১২ টা ৩০ ও ১২ টা ৫০, বিকেল ৫ টা ১০ এবং সন্ধ্যা ৬ টা ৩৫-এর খবর শোনা যাবে সঞ্চয়িতা প্রচারতরঙ্গে। সকাল ৯ টা ২৫ এর জেলা চিঠিও একই প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে।

গীতাঞ্জলী ও ১০৭ মেগাহার্টজে দুপুর ১ টা ৩০ এর সংবাদ শুনবেন ১ টা ৫০-এ। ২ টো থেকে শোনা যাবে ১ টা ৪০ এর স্থানীয় সংবাদ। দুপুরের স্থানীয় সংবাদ এবং বিকেল ৫ টা ১০ এর সংবাদ হবে ১০ মিনিটের।

সন্ধ্যা ৭ টা ৩৫-এর সংবাদ শোনা যাবে রাত ৮ টা ৪৫ মিনিটে। এরপরই ৮ টা ৫৫ থেকে শুনবেন ৭ টা ৫০ এর স্থানীয় সংবাদ। ১০ মিনিটের বদলে স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। দুটি খবরই সম্প্রচারিত হবে গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজে।

একই প্রচারতরঙ্গে শোনা যাবে রাত ১০ টার খবর।

আমাদের সোশ্যাল মিডিয়ার প্ল্যাটফর্মেও শুনতে পাবেন সবকটি খবর।

oooooooooooooooooooooo

আলুর আকাশ ছোঁয়া দাম নিয়ন্ত্রণ এবং বিভিন্ন আলু ব্যবসায়ী সংগঠনের ধর্মঘটের মোকাবিলায় পদক্ষেপ নিল রাজ্য সরকার। বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীকে ব্যবহার করে বাজারে সুলভ দামে আলু বিক্রি করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সুফল বাংলা স্টলের পাশাপাশি স্বনির্ভর গোষ্ঠীর

মাধ্যমে খোলাবাজারে আলু বিক্রি হলে আলুর দাম আরো কিছুটা নিয়ন্ত্রণে আসবে বলে আশা করা হচ্ছে।

সুফল বাংলা স্টলে বাজার মূল্যের থেকেও ৮ থেকে ১০ টাকা কমে আলু পাওয়া যাচ্ছে। তবে সুফল বাংলা স্টলের সংখ্যা পর্যাপ্ত নয়। তাই স্বনির্ভর গোষ্ঠীগুলিতে এই কাজে লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে খবর নবান্ন সূত্রে। জানা গেছে, স্বনির্ভর গোষ্ঠী গুলি এবার চাষীদের কাছ থেকে সরাসরি আলুর বন্ড কিনবে। তারপর তারাই চাষীদের কাছ থেকে আলু সংগ্রহ করে এলাকায় এলাকায় স্টল খুলে তা বিক্রি করবে। জোগান বাড়লে বাজারে আলুর দাম নিয়ন্ত্রণে আসবে বলে আশা করছে রাজ্য সরকার। একইসঙ্গে এই ব্যবস্থা চালু হলে আগামী দিনে অস্বাভাবিকভাবে আলুর দাম বাড়ার সম্ভাবনাও কমে যাবে।

উল্লেখ্য, নিষেধাজ্ঞা না থাকা সত্ত্বেও ভিন রাজ্য থেকে আলু রফতানিতে বাধা এবং পুলিশী হয়রানির প্রতিবাদে গতকাল থেকে কর্ম বিরতির ডাক দিয়েছে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি।

ooooooooooooooooooooooooo

এ বছর রাজ্যে প্রথম ডেঙ্গু আক্রান্তের মৃত্যু হল। ৯ বছরের এক বালিকার মৃত্যুর খবর পাওয়া গেছে উত্তরবঙ্গ থেকে। পরিবার সূত্রে জানা গিয়েছে, কয়েকদিন ধরেই মেয়েটির জ্বর ছিল। জ্বরের প্রকোপ বেড়ে চলায় তাকে শিলিগুড়ির একটি বেসরকারী হাসপাতালে ভর্তি করা হয়। সোমবার সেখানেই মৃত্যু হয় শিলিগুড়ির ৭ নং ওয়ার্ডের এই বাসিন্দার।

ooooooooooooooooo

আজ জাতীয় সম্প্রচার দিবস। ১৯২৭ সালের আজকের দিনে ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিসের মাধ্যমে ভারতে প্রথম সংগঠিতভাবে সম্প্রচার শুরু হয়। যদিও তার আগে ১৯২৩ সালের জুন মাসেই রেডিও ক্লাব অফ বোম্বে এই নামে একটি সম্প্রচার শুরু হয়েছিল। এরপর ১৯৩৬ সালে ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিস রূপান্তরিত হয় অল ইন্ডিয়া রেডিওতে। যা স্বাধীনতার পরে ১৯৫৬ সালে আকাশবাণী নামাঙ্কিত হয়। বর্তমানে সারাদেশে ৫৯১ টি কেন্দ্রের মাধ্যমে ২৩ টি ভাষায় মোট জনসংখ্যার ৭৪ শতাংশের কাছে দেশের উন্নয়ন, শিক্ষার প্রসার ও সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় সম্প্রচার কার্য চালিয়ে যাচ্ছে আকাশবাণী। সেই সম্প্রচার বর্তমান সময়ের নিরিখে কতখানি কার্যকরী ভূমিকা নিতে পারছে সেই প্রসঙ্গে বললেন প্রবীন সাংবাদিক সুদীপ্ত সেনগুপ্ত।

বাইট সুদীপ্ত সেনগুপ্ত।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার পানিহাটিতে গতকাল তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর মধ্যে গন্ডগোলের জেরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পৌরসভার ১৪ নম্বর ওয়ার্ড তৃণমূল কংগ্রেস সভাপতি সুমিত পাল কে মারধরের ঘটনায় পুলিশ শুভজিৎ শেঠ, সাহেব বিশ্বাস ও শুভ দাস নামে তিনজন দলীয় সমর্থককে গ্রেফতার করেছে। গত রবিবার রাতে বাড়ি ফেরার সময় সোদপুর অমরাবতীর কাছে সুমিতের পথ আটকিয়ে দুষ্কৃতিরা তাকে মারধর করে বলে অভিযোগ। এই ঘটনার প্রতিবাদে ঐ ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস নেতা বুবাই মল্লিকের অফিসে গতকাল ভাঙচুর চালায় অপর গোষ্ঠীর লোকজন।

oooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনা জুড়ে দুর্যোগ অব্যাহত। গত তিন ধরে দফায় দফায় জেলাজুড়ে বৃষ্টি চলছে। সুন্দরবন এলাকায় ঘন্টায় ৫০কিমি বেগে দমকা বাতাস বইছে।

ইতিমধ্যে গঙ্গাসাগরের মেলা মাঠের একটি কংক্রিটের রাস্তা, বিদ্যুতের খুঁটি, অস্থায়ী দোকান, গাছ সমুদ্রগর্ভে তলিয়ে গিয়েছে। ব্লক প্রশাসনের পক্ষ ওই এলাকায় থেকে মাইকিং করা হচ্ছে। সাগরে আসা পুণ্যার্থীদের জন্য ৬ নং ঘাটে স্নানের ব্যবস্থা করা হয়েছে। গঙ্গাসাগরের পাশাপাশি নামখানার মৌসুনি দ্বীপের বালিয়াড়াতে প্রায় ৮০০ মিটার নদীবাঁধ ভেঙে জল ঢুকছে। উপকূলের কাছাকাছি থাকা বেশ কিছু বাড়ি জলমগ্ন হয়ে পড়েছে।

পূর্ণিমার ভরা কটাল ও নিম্নচাপের জেরে সুন্দরবনের নদী ও সমুদ্র উত্তাল থাকায় আগামী বৃহস্পতিবার ২৫-শে জুলাই পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। আজও জলোচ্ছ্বাসের সম্ভাবনা আছে সুন্দরবনে।

এদিকে, পাথরপ্রতিমার গোবর্ধনপুরের সীতারামপুরেও বাঁধ ভেঙে প্লাবিত বিস্তৃর্ণ এলাকা। জলমগ্ন চাষের জমি, পুকুর ও বেশ কিছু বাড়ি। জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষয়ক্ষতির পরিমাপ করার কাজ শুরু হয়েছে। সেচ দপ্তরকে দ্রুত ব্যবস্থার নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooo